

advertisement

শিক্ষাপ্রতিষ্ঠানে দক্ষ লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়া হবে : সংস্কৃতি প্রতিমন্ত্রী

সাংস্কৃতিক ২৯ এপ্রিল ২০১৯ ০০:০০ | আপডেট: ২৯ এপ্রিল ২০১৯ ০১:৪৮



গণগ্রন্থাগার অধিদপ্তর ও ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে ‘গণগ্রন্থাগারের উন্নয়নে জাতীয় নীতি’ বিষয়ক কর্মশালা। গতকাল সকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রের উইন্ডি টাউন হলে এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কেএম খালিদ। গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক আশীষ কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের লাইব্রেরিজ আনলিমিটেডের প্রোগ্রাম পরিচালক মিজ কাস্টি ক্রোফোর্ড। বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের উপপরিচালক অ্যান্ড্রু নিউটন। এ ছাড়া আরও বক্তব্য রাখেন গণগ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক (যুগ্ম সচিব) এজেএম আব্দুল্লাহেল বাকী। প্রধান অতিথির বক্তব্যে সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, ২০১০ সালের জাতীয় শিক্ষানীতি অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একজন লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়ার কথা বলা হয়েছে। সে অনুযায়ী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নামমাত্র লাইব্রেরিয়ানের পদ রয়েছে, যিনি অপেশাদার ও লাইব্রেরি ব্যবস্থাপনায় দক্ষ নন। এর পরিবর্তন ঘটিয়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে লাইব্রেরি ব্যবস্থাপনায় ডিগ্রিধারী, দক্ষ ও পেশাদার লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়া হবে এবং একটি পাঠোপযোগী কার্যকর লাইব্রেরি প্রতিষ্ঠা করা হবে। এতে নতুন প্রজন্ম লাইব্রেরি ও বইমনস্ক হয়ে গড়ে উঠবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন, ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের লাইব্রেরিজ আনলিমিটেড প্রকল্পের আওতায় একটি যুগোপযোগী ও আধুনিক গণগ্রন্থাগার নীতিমালা তৈরিই এ কর্মশালার মূল উদ্দেশ্য। আর এটি সফলভাবে করতে পারলে তা সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের জন্য একটি বড় অর্জন হবে। এ ধরনের নীতিমালা তৈরির জন্য প্রয়োজন গণগ্রন্থাগারসম্পর্কিত সব অংশীজনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও তাদের সুচিন্তিত মতামত। কর্মশালায় ঢাকা ও বিভিন্ন জেলা থেকে আসা সরকারি ও বেসরকারি গণগ্রন্থাগারের

প্রতিনিধি, লাইব্রেরি প্রফেশনাল, বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, শিক্ষাবিদ, গবেষক, প্রকাশনা সংস্থার প্রতিনিধি, গ্রন্থাগারসম্পর্কিত পেশাদার সংগঠনের প্রতিনিধি, গ্রন্থাগার খাতের সেবাগ্রহীতা, বিভিন্ন বেসরকারি সংস্থার প্রতিনিধি এবং বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধি অংশগ্রহণ করেন।